ইতিহাসে দেখা যায়, মানুষের আত্মোপলব্ধি বাহির থেকে অন্তরের দিকে নিজ থেকেই গিয়েছে, যে অন্তরের দিকে তার বিশ্বজনীনতা, যেখানে বস্তুর বেড়া পেরিয়ে সে পৌঁছেছে বিশ্বমানসলোকে। যে লোকে তার বাণী, তার শ্রী, তার মুক্তি। সফলতা লাভের জন্যে সে মন্ত্র-তন্ত্র, ক্রিয়াকর্ম নিয়ে বাহ্য পরীক্ষায় প্রবৃত্ত হয়েছিল; অবশেষে সার্থকতা লাভের জন্যে একদিন সে বলল, তপস্যা বাহ্যানুষ্ঠানে নয়, সত্যই তপস্যা; গীতার ভাষায় ঘোষণা করল, দ্রব্যময় যজ্ঞের চেয়ে জ্ঞানযজ্ঞই শ্রেয়; খ্রীষ্টের বাণীতে শুনল, বাহ্য বিধিনিষেধে পবিত্রতা নয়, পবিত্রতা চিত্তের নির্মলতায়। তখন মানবের রুদ্ধ মনে বিশ্বমানব চিত্তের প্রকাশ হলো। এই তার অন্তর সত্তার বোধ দৈহিক সত্তার ভেদসীমা ছাড়িয়ে দেশে কালে সকল মানুষের মধ্যে ঐক্যের দিকে প্রসারিত। এই বোধেরই শেষ কথা এই যে, যে মানুষ আপনার আত্মার মধ্যে অন্যের আত্মাকে ও অন্যের আত্মার মধ্যে আপনার আত্মাকে জানে সেই জানে সত্যকে।

মানুষ আছে তার দুই ভাবকে নিয়ে, একটা তার জীবভাব, আর-একটা বিশ্বভাব। জীব আছে আপন উপস্থিতকে আঁকড়ে, জীব চলছে আশু প্রয়োজনের কেন্দ্র প্রদক্ষিণ করে। মানুষের মধ্যে সেই জীবকে পেরিয়ে গেছে যে সত্তা সে আছে আদর্শকে নিয়ে। এই আদর্শ অন্নের (আহার) মতো নয়, বস্ত্রের মতো নয়। এ আদর্শ একটা আন্তরিক আহ্বান, এ আদর্শ একটা নিগূঢ় নির্দেশ। কোন দিকে নির্দেশ। যে দিকে সে বিচ্ছিন্ন নয়, যে দিকে তার পূর্ণতা, যে দিকে ব্যক্তিগত সীমাকে সে ছাড়িয়ে চলেছে, যে দিকে বিশ্বমানব।

এই পৃথিবীর বিভিন্ন বস্তুর দিকে তাকালে এমন কিছু দৃষ্টিগোচর হয় না যে, মানুষের এমন কোনো নিয়ম আছে যার ওপর ভিত্তি করে কেউ তার আচরণ, বিশ্বাস, মনের প্রশান্তি, চিন্তা সেই ধাঁচে গড়ে তুলতে পারে। অসত্যের ওপর সত্য যেমন জয়ী হয়, তেমনি সত্যের ওপরও অসত্যও জয়ী হয়। অনেক ক্ষেত্রে সত্যের ওপর অসত্যের জয় বেশি করে লক্ষ্য করা যায়। পরিণামে কি হচ্ছে, তা কি আমরা জানতে পারি না? এমন পরিস্থিতিতে সব ধরনের মূল্যবোধের প্রতি উদাসীন থাকা ছাড়া আর কিবা করতে পারি?

আমরা এমন পৃথিবী চাই না যেখানে রেসিজম, ঘৃণা, জাতিগত সমস্যা, আর ঈর্ষা বিরাজ করবে। আর এগুলো হলো ঘৃণিত উন্মত্ততার মানসিক চাঞ্চল্য। এগুলো আমাদের যুগে অদ্ভুত রকম ভূমিকা পালন করছে। এসব আংশিকভাবে বীরসুলভ বেদনার প্রকাশ। এই রেসিজম, ঘৃণা, জাতিগত সমস্যা, আর ঈর্ষা মানুষের সবরকম চারিত্রিক বৈশিষ্ট্যের মধ্যে সবচেয়ে দুর্ভাগ্যজনক।

বিবর্তনের পথে চলতে চলতে আমরা একটি পর্যায়ে এসেছি যেটি অন্তিম পর্যায় নয়। এই পর্যায়কে অতিক্রম করে আমাদের অনেক দূর যেতে হবে, যদি আমরা তা না পারি তাহলে আমাদের অধিকাংশ মাঝ পথে ধ্বংস হয়ে যাবো, আর অবশিষ্টরা সন্দেহ আর ভয়ের অরণ্যে হারিয়ে যাবো। এই নৈরাশ্যের মধ্যে সঠিক পথ খুঁজে পেতে হলে সভ্য মানুষ তার অন্তরকে উদার করতে হবে। নিজেকে অতিক্রম করার শিক্ষা তাকে শিখে নিতে হবে এবং তা করতে গিয়ে তাকে জেনে নিতে হবে সমগ্র বিশ্বের মুক্তির পথ।

শেষে পৃথিবীর কাছে এটুকু কাম্য মানুষ সকল কিছুর উর্ধ্বে ওঠে ভ্রাতৃত্ববোধ তৈরি করবে, হবে সীমানাহীন পৃথিবীর সন্তান।

(উপরোক্ত বিষয়ে লিখতে ইমাজিন গান-জন লেনন, সুখের সন্ধানে-বার্নার্ড রাসেল, ট্রেন টু পাকিস্তান-খুসবন্ত সিং, মানব ধর্ম-রবীন্দ্রনাথ ঠাকুর, দেহতত্ত্ব-লালনের অনেক কিছুই সংযুক্ত করা হয়েছে)







**শামস জামান রাফী**
সাব-রেজিস্ট্রার
ডামুড্যা, শরীয়তপুর

# অসমাপ্ত আত্মজীবনী-মহানায়কের মহাকাব্য

"একজন মানুষ হিসেবে সমগ্র মানব জাতি নিয়েই আমি ভাবি। একজন বাঙালি হিসেবে যা কিছু বাঙালিদের সাথে সম্পর্কিত তাই আমাকে গভীরভাবে ভাবায়। এই নিরন্তর সম্পৃক্তির উৎস ভালোবাসা, অক্ষয় ভালোবাসা, যে ভালোবাসা আমার রাজনীতি এবং অস্তিত্বকে অর্থবহ করে তোলে।"
-বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর আত্মজীবনী লিখেছিলেন কারাকক্ষে বসে। জন্ম থেকে শুরু করে ১৯৫৫ সাল পর্যন্ত তাঁর বৈচিত্র্যপূর্ণ পারিবারিক ও রাজনৈতিক জীবনের মহা-আলেখ্য এই আত্মজীবনীটি। বঙ্গবন্ধুর লেখা আত্মজীবনীটি দীর্ঘদিন আলোর মুখে দেখেনি। হয়তো এটি হারিয়েই যেত মহাকালের অতল গহ্বরে, কিন্তু ইতিহাসের সম্ভবত নিজ থেকেই প্রকাশিত হতে চাওয়ার একটা প্রকাণ্ড গুণ আছে। সম্ভবত এ কারণেই ২০০৪ সালে বঙ্গবন্ধুর লেখা আত্মজীবনীটি আকস্মিক ভাবে তাঁর কন্যা শেখ হাসিনার হস্তগত হয়। ১৯৬৭ সালের মাঝামাঝি সময়ে ঢাকা সেন্ট্রাল জেলে অন্তরীণ থাকা অবস্থায় এটি লিখেছিলেন তিনি, কিন্তু শেষ করে যেতে পারেননি। তবে যেটুকু আমরা পেয়েছি, সেটুকুই ইতিহাসের অমূল্য সম্পদ এবং দলিল হিসেবে বিবেচিত হওয়ার জন্য যথেষ্ট।

'অসমাপ্ত আত্মজীবনী' আমাদেরকে একজন অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু নয়, একজন সাধারণ মানুষ শেখ মুজিবুর রহমানের অসাধারণত্বের সাথে পরিচয় করিয়ে দেয়। পূর্ব পুরুষদের পরিচিতি, নিজের ছোটবেলা, বেড়ে ওঠা, রেণুর সাথে বিয়ে, অসুস্থতায় পড়াশুনায় ছেদ পড়া-এগুলো যেন আমাদের খুব পরিচিত কাছের মানুষের দিনলিপি। একই সাথে একজন সাধারণ ছাত্রের অসাধারণ হয়ে ওঠা, রাজনীতিতে প্রবেশ, ছাত্র রাজনীতি, রাজনীতির বিভিন্ন বাঁক উপবাঁক, বারংবার কারাবরণসহ অসংখ্য ঐতিহাসিক ঘটনাবলির বিবরণে বইটি পরিণত হয়েছে এক অসামান্য প্রামাণ্য দলিলে।

বঙ্গবন্ধু যখন রাজনৈতিক অঙ্গনে প্রবেশ করেন তখন মুসলমানরা লড়ছে একটি স্বাধীন ভূখণ্ডের জন্য, ভারতীয় উপমহাদেশ তখন স্বাধীনতার দ্বারপ্রান্তে। ধর্মের ভিত্তিতে ভাগ হতে চলেছে ভারতবর্ষ - গঠিত হতে যাচ্ছে পাকিস্তান ও ভারতের রূপরেখা। বরাবরই বঞ্চিত পূর্ববাংলা তখন স্বপ্ন দেখছে নিজেদের একটি দেশের, যার ভিত্তি হবে ধর্ম কিন্তু সেখানে থাকবে সকলের সমান অধিকার। পাকিস্তানের দাবিতে মুসলিম লীগের আন্দোলনে জড়িয়ে পড়লেন শেখ মুজিব। বই -এর শুরুতে সে সময়ের ব্যস্ত সংগ্রাম মুখর দিনগুলোর কথাই লিখেছেন তিনি। তিনি রাজনৈতিক জগতে, বাংলার আকাশে গনগনে সূর্য হতে পেরেছেন। এর পিছনে তাঁর পরিবারের ভূমিকাকে অস্বীকার করা যায় না। পরিবারের সকলের সমর্থন ছিল বলেই হয়তো তিনি পাড়ি দিতে পেরেছেন এত দীর্ঘ বন্ধুর পথ।

বঙ্গবন্ধু তাঁর আত্মজীবনীতে বলছেন 'কলকাতা যাবো, পরীক্ষাও নিকটবর্তী। লেখাপড়া তো মোটেই করি না। দিনরাত রিলিফের কাজ করে কূল পাই না। আব্বা আমাকে এ সময় একটা কথা বলেছিলেন-বাবা রাজনীতি করো, আপত্তি করবো না, পাকিস্তানের জন্য লড়ছ এতো সুখের কথা, তবে লেখাপড়া করতে ভুলিও না। লেখাপড়া না শিখলে মানুষ হতে পারবা না। আর একটা কথা মনে রেখো, sincerity of purpose and honesty of purpose থাকলে জীবনে পরাজিত হবা না-একথা কোনোদিন আমি ভুলি নাই।"

অসমাপ্ত আত্মজীবনী-ই সাক্ষি, পিতার কথা বঙ্গবন্ধু কখনও ভোলেননি। একজন আদর্শ স্নেহপ্রবণ পিতা, স্নেহময়ী জননী এবং মমতাময়ী স্ত্রীর পরিচয়ও আমরা পাই বইটির প্রতিটি ছত্রে ছত্রে।

পাকিস্তান সৃষ্টি প্রশ্নে বঙ্গবন্ধুর কিছু প্রগতিশীল চিন্তার স্বরূপ আমরা দেখি তাঁর লেখনীর মাধ্যমে। তিনি বিশ্বাস করতেন, ধর্মের প্রশ্নে দেশ ভাগ হলেও ধর্ম নিয়ে কোনো ভেদাভেদ থাকবে না। হিন্দু-মুসলিম সম্প্রীতির প্রশ্নে তিনি প্রগতিবাদী ছিলেন। বাংলা ভাগ হোক এটি তিনি চাইতেন না, কিন্তু কেন্দ্রীয় মুসলিম লীগ পূর্ব বাংলার মানুষের এই আবেগের জায়গাটি বুঝতে সক্ষম হয়নি, ছাড় দেয়নি কংগ্রেসও। তাই বাংলা ভাগ হলো, কলকাতা হাত ছাড়া হয়ে গেলো আমাদের। বঙ্গবন্ধুর ভাষায়, 'বাংলাদেশ যে ভাগ হবে, বাংলাদেশের নেতারা তা জানতেন না। সমস্ত বাংলা ও আসাম পাকিস্তানে আসবে এটাই ছিল তাদের ধারণা।'

শহীদ সোহরাওয়ার্দীর সাথে সখ্যতা নিঃসন্দেহে শেখ মুজিবুর রহমানকে বঙ্গবন্ধু হতে সাহায্য করেছিল। ছাত্র জীবনেই সোহরাওয়ার্দীর সাথে তাঁর পত্র যোগাযোগ ছিল। অসমাপ্ত আত্মজীবনী যে সময়ের উজ্জ্বল বর্ণনা সেই সময়টি মূলত সোহরাওয়ার্দীর সাথে বঙ্গবন্ধুর সংগ্রামী পথ চলার সময়। শহীদ সোহরাওয়ার্দীর আদর্শে অনুপ্রাণিত এবং তাঁকে আদর্শ হিসেবে মানলেও আত্মসম্মানের প্রশ্নে বঙ্গবন্ধু যে কতখানি ইস্পাত কঠিন মনোবলের অধিকারী ছিলেন সেটির পরিচয়ও বইটিতে পাওয়া যায়। একটি সভায় বঙ্গবন্ধুর সাথে শহীদ সোহরাওয়ার্দীর কথা কাটাকাটি হলে এক পর্যায়ে সোহরাওয়ার্দী বলেন, 'You are nobody.' জবাবে বঙ্গবন্ধু বলেছিলেন, 'One day I will prove that I am somebody.' রেগেমেগে সভাস্থল ত্যাগ করে যাওয়ার সময় সোহরাওয়ার্দীই আবার তাঁকে ফিরিয়ে আনেন, কাঁধে হাত রেখে বলেন, 'তুমি কেনো বোঝো না, তোমাকে বেশি স্নেহ করি বলেই তোমার সাথে রাগ করি।' বস্তুত সোহরাওয়ার্দী-বঙ্গবন্ধু গুরু-শিষ্য জুটিই সেই সময়ের রাজনৈতিক ঘটনাপ্রবাহে অতি উল্লেখযোগ্য এবং বিশেষ শক্তি হিসেবে কাজ করেছেন।

বঙ্গবন্ধু ছিলেন সাধারণ মানুষের নেতা। পাকিস্তানের দাবিতে মুসলিম লীগের সাথে যোগ দিলেও তৎকালীন মুসলিম লীগের গঠনটি তাঁর মনপূত ছিল না। 'অসমাপ্ত আত্মজীবনী' -তে তিনি বলছেন -

'১৯৪৩ সালে ভয়াবহ দুর্ভিক্ষ আরম্ভ হয়েছে। লক্ষ লক্ষ লোক মারা যাচ্ছে। এই সময় আমি প্রাদেশিক মুসলিম লীগ কাউন্সিলের সদস্য হই। ... এই সময় থেকে মুসলিম লীগের মধ্যে দুইটা দল মাথাচাড়া দিয়ে ওঠে। একটা প্রগতিবাদী দল, আর একটা প্রতিক্রিয়াশীল। শহীদ সাহেবের নেতৃত্বে আমরা বাংলার মধ্যবিত্ত শ্রেণীর লোকেরা মুসলিম লীগকে জনগণের লীগে পরিণত করতে চাই, জনগণের অধিকার প্রতিষ্ঠা করতে চাই। মুসলিম লীগ তখন পর্যন্ত জনগণের প্রতিষ্ঠানে পরিণত হয় নাই। জমিদার, জোতদার ও খান বাহাদুর নবাবদের প্রতিষ্ঠান ছিল। কাউকেও লীগে আসতে দিত না।'

বঙ্গবন্ধু রাজনীতি করতে চেয়েছেন সাধারণ মানুষের অধিকার আদায়ের প্রশ্নে, বলাই বাহুল্য পরবর্তীতে সে পথেই তিনি এগিয়েছেন। বইটির পরবর্তী ঘটনা প্রবাহ লক্ষ করলেই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের এই জনগণ কেন্দ্রিক রাজনীতির ধারাটি বোধগম্য হবে।

বঙ্গবন্ধুর চীন, ভারত এবং পশ্চিম পাকিস্তান ভ্রমণের সাবলীল বর্ণনা বইটিকে আলাদা মাত্রা দিয়েছে। পাঠক একজন উঠতি সম্ভাবনাময় তরুণ রাজনীতিবীদের চোখ দিয়ে দেখতে পাবেন আগ্রার তাজমহল, আজমীর শরিফসহ অন্যান্য দেশগুলোর নানা ঐতিহাসিক স্থান। এই দেখা সাধারণ মানুষের দেখা নয়। বঙ্গবন্ধুর এই ভ্রমণ সংক্রান্ত বিবরণ পাঠককে ভিন্ন স্বাদ দেবে, বলাই বাহুল্য।

বইটির গুরুত্বপূর্ণ বাঁক হিসেবে চিহ্নিত করা যেতে পারে পাকিস্তান জন্ম পরবর্তী ভাষা আন্দোলন নিয়ে। ভাষার প্রশ্নে, রাষ্ট্রভাষা বাংলার দাবিতে শুরু থেকেই সোচ্চার ছিলেন বঙ্গবন্ধু। কারাবরণ করেছেন বারবার ৫২'র একুশে ফেব্রুয়ারিও তিনি আবদ্ধ ছিলেন কারা প্রকোষ্ঠে। বইটির শেষ অংশটুকু আমাদের অশ্রুসজল করে। সেই সাথে আমরা বিস্ময়ে হতবুদ্ধি হই। একজন মানুষ কী করে এতটা ইস্পাত কঠিন মনোবলের অধিকারী হতে পারে ন্যায়ের প্রশ্নে! আমরণ অনশনের যে বর্ণনা আমরা দেখি তা পড়ে যে কারও পক্ষেই বিস্মিত অশ্রু লুকিয়ে রাখা কঠিন বৈকি। অকথ্য নির্যাতন আর চাপের মুখে, মৃত্যুর কাছাকাছি পৌঁছে যাওয়ার পরও তিনি ছিলেন নিজ দাবিতে অনড়, অটল। অবশেষে রাষ্ট্রই তাঁর কাছে নতি স্বীকার করতে বাধ্য হয়, নিঃশর্ত মুক্তি দেয়া হয় তাঁকে।

মূলত, এই সময়টাতে এসেই 'অসমাপ্ত আত্মজীবনী' সমাপ্ত হয়ে গেছে, থেকে গেছে অসমাপ্ত। পাঠক প্রচণ্ড অতৃপ্তি নিয়ে বসে থাকবেন এর পরবর্তী ঐতিহাসিক ঘটনাবলি বঙ্গবন্ধুর জবানীতে শুনতে, কিন্তু সেই সুযোগ ইতিহাস আমাদের দেয়নি। যদিও পরবর্তীতে 'কারাগারের রোজনামচা' এবং 'আমার দেখা নয়াচীন' আমাদের এই তৃষ্ণা মেটাতে অনেকটাই ভূমিকা রেখেছে কিন্তু বিভিন্ন কারণে 'অসমাপ্ত আত্মজীবনী' অনন্য। এই সময়কালের পরের সময়টুকু আরও অস্থির সময়-আমাদের বাংলাদেশের জন্মের সময়। শেখ মুজিবুর রহমানের বঙ্গবন্ধু হয়ে ওঠার সময়। 'অসমাপ্ত আত্মজীবনী' হয়তো অসমাপ্ত কিন্তু 'মানুষ' বঙ্গবন্ধুকে জানার বোঝার যে তৃষ্ণা আমাদের ছিল তা মেটাতে এই বইটির আগমন ইতিহাসের অনেক অদেখা সময়কে মূর্ত করে তুলেছে। তাই এটি কেবল একটি বই কিংবা আত্মজীবনীই নয়, এটি হয়ে উঠেছে এক মহানায়কের মহাকাব্য।







নাহিদ জাহান মুনা
সাব-রেজিস্ট্রার
রামপাল, বাগেরহাট

# মন্দ্রসপ্তক

বই: মন্দ্রসপ্তক
ক্যাটাগরি: উপন্যাস
লেখক: হুমায়ূন আহমেদ

'মন্দ্রসপ্তক' -এর অর্থ কি? কোনো সন্দেহ নেই নামটা একটু অন্যরকম। যদি আভিধানিক অর্থ খুঁজি, তাহলে 'মন্দ্র' মানে মুদ্রা। সেটা নাচ বা গানের মুদ্রা হতে পারে; পয়সা বা টাকা কিন্তু বুঝায় না। অন্যদিকে, সপ্তক মানে সাত। সারেগামা'র 'সা' যখন শুরু হয় সেটা উঁচুতে উঠতে থাকে। 'সা' শেষ হয় নিচের দিকে এসে। তারপর 'পা' শুরু। 'সা'র শুরু উপরে হয়ে নিচে এসে শেষ হয় এবং 'পা' শুরু হয়। এর মধ্যবর্তী সময়টুকু হলো মন্দ্রসপ্তক। এটার অন্য একটা নামও আছে, তারাসপ্তক। এতখানি পড়ে এসে মনে হতে পারে, বই নিয়ে কথা বলতে এসে ধান ভানতে শিবের গীত কেন! বইটা যখন প্রথম আমার হাতে আসে, তখন মাথায় প্রথম যে চিন্তাটা আসে তা হলো, মন্দ্রসপ্তক মানে কি? এই জন্য বই নিয়ে কথা শুরু করার আগে নাম নিয়ে একটু আলোকপাত করলাম। যদিও শুরুতেই বলে রাখি, উপন্যাসের কাহিনীর সাথে নামের দৃশ্যতঃ কোনো মিল নেই। যদিও হুমায়ূনপ্রিয় পাঠক মাত্রই জানবেন যে ওনার বেশিরভাগ উপন্যাসের নামই এমন। হয়তো কোনো রবীন্দ্রসঙ্গীতের লাইন বা অন্য কোনো শব্দ। তবুও আমাদের তাঁর লেখার প্রতি আকর্ষণ কিন্তু এতটুকু কমে না। বরং আমি তো মনে করি, এটাই হলো তাঁর লেখার সৌন্দর্য। অন্যদের হতে একদম এতটাই আলাদা যে বইয়ের নাম দেখেই মনে হয় পড়ে শেষ করে ফেলি! তবুও পাঠক যদি নিগূঢ় চিন্তা ভাবনা করেন তো বই পড়ে উঠে মনে হবে, হ্যাঁ! উপন্যাসের নায়কের জীবনের মাঝামাঝি একটা মুহূর্ত লেখক হয়তো তুলে ধরতে চেয়েছেন।

উপন্যাস লেখকের আর অন্য উপন্যাসগুলোর মতই অত্যন্ত সাবলীল ভঙ্গিমায় লেখা। কোনো ভারী কথা নেই, নেই কোনো অর্থহীন বা অর্থযুক্ত উপমা, যা সাধারণ পাঠকের বোধগম্য নয়। গল্পের শুরু ঢাকা শহরের একটি বাড়ি হতে। যেখানে আছে আমাদের গল্পের নায়ক টুকু, যে কি না খুঁড়িয়ে খুঁড়িয়ে বিএ পাস করে এখন একটা ল-এর ক্লাসে ভর্তি হয়েছে; আছে তার বোন মীরা, নীরা; দর্শনশাস্ত্রে রিটায়ার্ড করা অধ্যাপক বড় চাচা, ব্যাংকে মাঝারি গোছের চাকরি করা বাবা, পুরোদস্তুর গৃহিণী মা, ভিয়েনা থেকে পড়াশোনা করে আসা আই সার্জন ছোট চাচা, চিররোগী ছোটচাচী। আরেকটা খুব অদ্ভুত ও কিছুটা রহস্যময় চরিত্র হলো ভোলাবাবু। যিনি নিজেকে একজন সন্ন্যাসী বলে দাবি করেন এবং কিছুকাল আগ অবধি যিনি নাঙ্গা সন্ন্যাসী হিসেবে ঘুরে বেড়ালেও বর্তমানে গেরুয়া কাপড়, চুলে জট ও গলায় রীতিমতন রুদ্রাক্ষের মালা পরে থাকেন। টুকুর সাথে প্রথম যেদিন দেখা হয় সেদিন সে টুকুকে জিজ্ঞাসা করে তার

কাছে দেয়াশলাই কাঠি আছে কি না! কারণ হিসেবে ভোলাবাবু বলেন, তিনি কান চুলকাবেন। সন্ন্যাসী টুকুকে 'ব্রাদার', বড় চাচাকে 'স্যার' বলে সম্বোধন করে। টুকুর মতে সন্ন্যাসী যদি 'ওহে বৎস' বলে ডাকতেন তাহলেই ষোলোকলা পূরণ হতো। সম্বোধন শুনে টুকুর মনে হয়েছে যে তিনি আসল সন্ন্যাসী না। খুব সম্ভবতঃ খাদ্যদ্রব্যে ভেজাল ঢুকবার মত সন্ন্যাসী পেশায়ও ভেজাল ঢুকে গেছে। গল্পের প্রয়োজনে বিভিন্ন সময়ই এই লোককে আমাদের উপন্যাসের অন্যান্য প্রধান চরিত্রের সাথে দেখা যাবে।




পুরো উপন্যাস আবর্তিত হয়েছে টুকুদের এই বাড়ি ঘিরে; খানিকটা লেখকের অন্যান্য কিছু উপন্যাস যেমন: 'বহুব্রীহি' বা তাঁর 'আজ রবিবার' নাটকে আমরা যেমন দেখতে পাই। উপন্যাসের শুরু হয়েছে এভাবে; সকালে ঘুম থেকে উঠেই টুকু কিছুটা বিভ্রান্তিকর পরিস্থিতিতে পরে যায়। সে কখনোই বুঝতে পারে না তার নিজের ব্রাশ কোনটা আর বোনেদের ব্রাশ কোনগুলো! নিজের মনে করে প্রায়শই সে তার বোনেদের ব্রাশ নিয়ে ব্রাশ করে। এই নিয়ে টুকুর বক্তব্য, তার বোনেদের একই চিরুনি দিয়ে সে চুল আঁচড়ালে যদি সমস্যা না হয়, তাহলে ব্রাশ হঠাৎ ভুল হয়ে গেলে এই নিয়ে অশান্তি করবার কোনো কারণ থাকা উচিৎ নয়। ঐদিন সকালটা টুকুর শুরু হয় তার দুঃসম্পর্কের মেজো খালুর মৃত্যু সংবাদ দিয়ে, যে খালুকে আর খালাকে তারা কেউই খুব একটা পছন্দ করে না! বাসায় সবাই যেহেতু খুব ব্যস্ত আর সে-ই একমাত্র বেকার, তাই এসব মৃত্যু বাড়িতে যেয়ে সামাজিকতা রক্ষা করার মতো কাজ তারই করতে হবে। টুকুর মতে সে 'ছাই ফেলতে ভাঙ্গা কুলা', সেইসাথে লোকজনের মতে খানিকটা বোকা। তবে এই নিয়ে তার কোনো মাথাব্যাথাও নেই।

রিমি; তার সেই দুঃসম্পর্কের মেজো খালুর মেয়ে যে সেশন জটে পড়ে এখনো বিশ্ববিদ্যালয়ে অনার্স ৩য় বর্ষে আটকে আছে; সে মনে করে টুকুর এই বোকা বোকা থাকার ব্যাপারটা পুরোটাই ভান। টুকু আর রিমি খানিকটা বন্ধু, খানিকটা বন্ধুর চেয়ে বেশি। টুকুর মতে রিমি এমন একটা মেয়ে যাকে দেখলে মনে হয় গতকালের চেয়ে সে আজ আরেকটু সুন্দর হয়েছে, আরেকটু বেশি স্নিগ্ধতা নিজের মধ্যে ধারণ করেছে। টুকু রিমিকে কি পছন্দ করে! না, রিমি টুকুকে? সেটা পাঠক নিজেই পড়ার পরে বুঝতে পারবেন।

এই নিস্তরঙ্গ মধ্যবিত্ত পরিবারে একটা ঢেউ আসে যখন ছোট চাচা হঠাৎ এটা ঘোষণা করেন যে, তিনি তার স্ত্রীর দেখাশোনা করার জন্য রাখা সমিতা নামের যে নার্স তাকে বিয়ে করবেন। এর কিছুদিনের মধ্যেই কালো অথচ যার চোখ এতটাই মায়াময় যে দেখলে মনে হয় এর মাঝে কোন পঙ্কিলতা নেই; সেই সমিতা নামের ডিভোর্সি মেয়েটি তার কন্যাকে নিয়ে টুকুদের বাসায় চলে আসেন। কন্যা লোরেটা গোমেজ ক্লাস থ্রিতে পড়ে আর টুকুর সাথে তার খুব বন্ধুত্ব হয়ে যায়। তারা দুজন ছাদের ঘরে বসে গল্প করে, টুকু তাকে ঘুম পারায় আর যখন সে রিমির কথা লোরেটাকে বলে; লোরেটা অবিকল বড় মানুষের মতো বলে, 'উনি তোমাকে অনেক পছন্দ করেন টুকু।'

এভাবে একটা সাধারণ পরিবারের অনেক ঝামেলা-বিপত্তির আর দৈনন্দিন কথকতার কথা বলতে বলতে উপন্যাস সামনে এগিয়ে যায়। একদিন যেভাবে হুট করে ঝামেলা শুরু হয়েছিল, সেভাবে হুট করে শেষও হয়ে যায়। ঝামেলা একেবারে শেষ করার অংশ হিসেবে, লোরেটা নামের টুকুর ছোট্ট বন্ধুও একদিন তার কাছে হতে চলে যায়। বিদায় মুহূর্তে বন্ধুর খুব মন খারাপ দেখে লোরেটা টুকুকে জিজ্ঞাসা করে, 'তোমার কি মন খারাপ!' টুকু মাথা নাড়তেই হঠাৎ লোরেটা বলে, 'আমি যখন বড় হবো আমি তোমাকে বিয়ে করব।' এটাও জানাতে ভোলে না যে টুকুর তাকে খোঁজা লাগবে না; বড় হয়ে সে নিজেই খুঁজে বের করবে টুকুকে। টুকুর মন অসম্ভব খারাপ হয়ে যায়। এই বাচ্চা মেয়েটা একটা স্বাভাবিক পরিবারে বড় হবার সুযোগ পেলো না। আর এই ঘটনার পরেই লেখক তাঁর স্বভাবসুলভ একটা রহস্য তৈরি করেন। কাকতালীয়ভাবে ঐদিন আর ঐ মুহূর্তেই লোরেটা চলে যাবার পরপরই টুকুর ভোলাবাবুর সাথে দেখা হয়ে যায়। সন্ন্যাসী একটা ভবিষ্যৎবাণী করে ফেলেন। টুকুকে সে বলে, তার জীবন খুব কষ্টে কাটবে আর সতেরো বছর পর তার বিবাহ হবে। তবে এরপরে ভাগ্য সুপ্রসন্ন হবে। যে কন্যার সহিত টুকুর বিবাহ হবে সে কম করে হলেও বিশ বছরের ছোট হবে তার থেকে। টুকু এতদিন সন্ন্যাসীর একটা কথায় কান না দিলেও ঐ পরিস্থিতিতে একথা সে শুনে চমকে যায়! মেয়েটা কে হবে! লোরেটা! নাকি অন্য কেউ!

মন্দ্রসপ্তক উপন্যাস আসলে কিসের গল্প! পারিবারিক? দুজন সমবয়সী ছেলেমেয়ের খানিকটা ধোঁয়াশা ভালোলাগার কাহিনী? নাকি, একটা অসম সম্পর্কের ইঙ্গিত? পাঠক হয়তো প্রিয় লেখকের পরবর্তী জীবনের ছায়া খুঁজে পাবার প্রচেষ্টা করতে পারেন। কিন্তু, সবমিলে এটা খুব সুন্দর একটা উপন্যাস, যা আপনি এক নিঃশ্বাসে পড়ে উঠতে পারবেন। শীতের বিকেলে এককাপ ধোঁয়া ওঠা গরম কফি বা গভীর রাতে লেপের নিচে শুয়ে পড়েতে মন্দ লাগবে না আশা করি। প্রিয় লেখক হুমায়ূন আহমেদের রসবোধ, সহজিয়া লেখনী, কাহিনীর সাবলীল ভঙ্গিমা আপনাকে আরেকবার মুগ্ধ করবেই। পড়ে না থাকলে আর এ জাতীয় উপন্যাস পছন্দ করলে দ্রুত পড়ে ফেলুন সময় করে।

**লেখিকা সম্পর্কে:** নাহিদ জাহান মুনা, সাব-রেজিস্ট্রার, রামপাল, বাগেরহাট। ডাক্তারি পড়তে গিয়ে পলিটিক্স পড়তে চলে এসেছি এবং অত্যন্ত সৌভাগ্যের সাথে ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'আন্তর্জাতিক সম্পর্ক' নামক একটা ভয়াবহ রসকষহীন সাবজেক্ট থেকে পোস্টগ্রাজুয়েশন শেষ করে ফেলেছি। এখন পার্টটাইম জমিজমার ক্যাচাল সামলাই আর ফুল টাইম বই পড়ি আর মুভি, সিরিজ  দেখি। বই পড়তে পড়তে বাসায় একটা ছোটখাটো লাইব্রেরি বানিয়ে ফেলেছি। লেখার অভ্যাস কখনোই ছিল না। তারপরও লিখেছি সাহস করে।






**সুশান্ত ঘোষ**
সাব-রেজিস্ট্রার
লাহিড়ীহাট, ঠাকুরগাঁও


# শব্দের গহীনে

সারা দিনের কাজ শেষে ক্লান্ত হয়ে কখন যে ঘুমিয়ে পড়েছি জানি না। মধ্যরাতে যখন গভীর ঘুমে আচ্ছন্ন, তখন এক অদ্ভুত শব্দ বারবার কানে আসতে লাগলো-যেন কোনো চোঙ্গা কানের পাশে বেজেই চলছে। মাথা যখন গুলিয়ে তুলছে তখন আর টিকতে না পেরে জাগিয়ে তুললাম আশপাশের সবাইকে। 'এই অদ্ভুত শব্দ কিসের?" কি অদ্ভুত!!! তারা কেউই এমন কিছুই নাকি শুনতে পাচ্ছে না!!! এতো রাতে অকারণে জাগিয়ে তোলার জন্য কিছু গালাগাল দিয়ে আবার শুয়ে পড়ল। তাদের উত্তর শুনে আমি আরো বেশি উদ্বিগ্ন হই আর এই অসহ্য শব্দে বিদীর্ণ হই। অদ্ভুতুড়ে এ শব্দ মাথা থেকে ঝেড়ে ফেলার জন্য আবার ঘুমিয়ে পড়ার চেষ্টা করলাম। অনেকক্ষণ সময় কেটে গেলো, কিন্তু কান থেকে এই শব্দ গেলো না। ভাবলাম অন্য কিছুতে মনোনিবেশ করতে পারলে হয়তো কমে যেতো এই অদ্ভুত শব্দের অত্যাচার। কি করবো, কি করবো চিন্তা করতে করতে সামনে রাখা বইয়ের কিছু পাতা উল্টালাম। ভাবলাম দু-চার পাতা পড়তে গিয়ে যদি একটু ঘুম আসে! বইয়ের এক পৃষ্ঠায় লেখা:

'এ প্রধানমন্ত্রীত্ব আমার কাছে কাঁটা বলে মনে হয়। আমি যদি বাংলার মানুষের মুখে হাসি ফোটাতে না পারি, আমি যদি দেখি বাংলার মানুষ দুঃখী, আর যদি দেখি বাংলার মানুষ পেট ভরে খায় নাই, তাহলে আমি শান্তিতে মরতে পারবো না।'

নিজেকে বেশ যৌক্তিক মানুষ বলে মনে মনে গর্ব করি। যথাসম্ভব চেষ্টা করি কাউকে কষ্ট না দেওয়ার। কারো সাথে পাছে না থেকে নিজের কাজটুকু ভালোভাবে করার চেষ্টা করি। এই উক্তি পড়ে নিজেকে ছোট অনুভব করতে লাগলাম, উবে যেতে লাগল নিজের উপর থাকা অহংবোধ। আমরা নিজেরা ভালো থাকলেই বলি সব ভালো, নিজেরটা অর্জন করে নিতে পারলেই বা শেষ করতে পারলেই বলি 'এইতো বেশ চলছে।' আর এই একটা মানুষ এতো কিছু দিয়েছে এই জাতিকে। এতো দিয়েও তাঁর কোনো অনীহা আসেনি। তিনি যে সব দেওয়ার ব্রত নিয়ে নেমেছিলেন। বলেছিলেন:

'দেশ সেবায় নেমেছি, দয়ামায়া করে লাভ কি? দেশকে ও দেশের মানুষকে ভালোবাসলে ত্যাগ তো করতেই হবে এবং সে ত্যাগ চরম ত্যাগও হতে পারে।'

তিনি বাংলা ভাষার জন্য জেল খেটেছেন, সাম্প্রদায়িকতার বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছেন, ফাঁসির রায় শুনেও অবিচলিত থেকেছেন এই বাংলার জন্যই। উনার মনের বিশালতা ভেবে নিজের ক্ষুদ্রতাকে শাপশাপান্ত করতে করতে কোনো এক সময় ঘুমিয়েও পড়লাম। সকাল সকাল জেগে গেলাম, কাল রাতের সেই অদ্ভুত শব্দও কানে আসলো না।

অফিস যেতে হবে, কিন্তু নিজেকে খুব অসাড় লাগলো। 'কাল রাতে জাগিয়ে দেওয়ার পরও কেউ সেই শব্দ শুনতে পেলো না?' মৃদু স্বরে প্রশ্ন করলাম। কিন্তু কাল রাতে আমি নাকি কাউকে ডাকিইনি আর তারাও আমাকে কোনো গালাগাল করেনি। মুহূর্তেই ঠাণ্ডা একটা স্রোত বয়ে গেলো শিরদাঁড়া দিয়ে। এ কীভাবে সম্ভব? শান্ত হয়ে চেয়ারে বসলাম, মনে করতে লাগলাম কাল রাতে আর কি কি করেছি! কোনো ব্যক্তির অসামান্য সব ত্যাগের বিষয়ে কিছু একটা পড়েছিলাম কাল রাতে এটুকু মনে পড়ছিলো। কিন্তু আমাদের মতো আত্মকেন্দ্রিক মানুষের টেবিলে তো বিসিএস আর চাকুরি কেন্দ্রিক বইয়েরই প্রাধান্য থাকে, ব্যক্তির জীবনের নয়। টেবিলে পড়ে থাকা তেমনই এক বইয়ের পাতার মলাটে চোখ পড়লো। তাতে আমারই হাতে কোনো সময় লেখা এক উক্তি:

'আমি মারা গেলে আমার কবরে একটা টিনের চোঙ্গা রেখে দিস। লোকে জানবে এই একটা লোক একটা টিনের চোঙ্গা হাতে নিয়ে রাজনীতিতে এসেছিল এবং সারাজীবন সেই টিনের চোঙ্গায় বাঙালি বাঙালি বলে চিৎকার করতে করতেই মারা গেলো।'

এই উক্তির গাম্ভীর্য বুঝে উঠার আগেই আমার সহকর্মী রাফির ফোন - 'সুশান্ত, বঙ্গবন্ধুকে নিয়ে তোমার একটা কন্টেন্ট লেখার কথা ছিলো, কতদূর আগালে?' এই প্রশ্নের সাথে সাথেই পরিষ্কার হতে লাগলো গতরাতে আমার সাথে ঘটা ঘটনাগুলো।

আমি তাঁকে নিয়ে শুধু লিখলেই হতো না, তিনি শুধু লিখে বুঝানোর মতো নন। বঙ্গবন্ধু সম্পর্কে একটা শব্দও লিখতে হলে আগে ধারণ করতে হতো তাঁকে। তিনি শুধু নিজের জন্য বাঁচা কেউ নন, তিনি ৭ কোটি বাঙালির জন্য যুদ্ধ করা, নিজেকে উৎসর্গ করা ব্যক্তি। বাঙালিকে ভালোবেসে নিজেকে বিলিয়ে দেওয়া এ মহামানব চেয়েছিলেন মানুষ তাঁর কর্ম ধরে রাখুক, মনে রাখুক ও শিখুক ভালবেসে নিজেকে কতটা নিঃস্বার্থভাবে উৎসর্গ করা যায়।

আমার মতো দিকভ্রান্ত, আত্মকেন্দ্রিক, নিজের জন্য বেঁচে থাকা কথিত ভালো মানুষগুলো মধ্যরাতের টিনের চোঙ্গার শব্দে শব্দে জানুক বঙ্গবন্ধুর আত্মোৎসর্গের ইতিহাস-তথা বাঙালির ইতিহাস, নিজেকে উদার করুক, উৎসর্গ করুক। 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একজন বাঙালি' এতে যতটাই গর্বিত হওয়া যায়, ততটাই লজ্জিত হতে হয় এই হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি নিজের মানুষদের হাতেই প্রাণ হারিয়েছেন।

এই কীর্তিমানের জন্য প্রতিটা বাঙালি হৃদয়ে একটাই ধ্বনি থাকুক.
'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান চিরজীবী হোক, চিরজীবী হোক তাঁর কীর্তি।'







সজল কুমার সাহা
সাব-রেজিস্ট্রার
সাপাহার, নওগাঁ

# প্রায়শ্চিত্ত

আমায় পেতে আমার মায়ের
জরায়ু কেঁদেছিল এগারো বছর
কান্না ছাড়া কীভাবে বলো
তোমার হবো?

তবে এবার নাহয় আমিই কাঁদি।

আমায় বন্ধন দিতে পৃথিবী
সাজালো রঙিন পসরা
শাদা-কালো সূতোয় কীভাবে বলো
তোমার আকাশে উড়ি?

তবে এবার নাহয় আমিই রাঙাই।

আমায় ভেজাতে লবণের সাথে
সম্পর্ক চুকিয়ে, মেঘ হয়ে গেলো জল
সমুদ্র কী একাই বইবে
এত লবণ?

কিছু নোনা জল নাহয় আমারই থাক।

আমায় ফোটাতে ঝরে ঝরে গেছে
কত আনিষিক্ত ফুলের ঝাঁক
ঝরে পড়া ছাড়া কীভাবে যাবো
নিষেক মঞ্চে?

এবার নাহয় আমিই ঝরি?







মোস্তাফিজুর রহমান মানিক
সাব-রেজিস্ট্রার
ভেদরগঞ্জ শরীয়তপুর

## মনের রঙ

এখন এই মনে হয়
এই যে এতো ভালোবাসা তোমায়,
ব্যথার পাহাড় থেকে ঝরে পড়া জল ,
প্রতীক্ষার অনন্ত পথ ধরে যে স্বপ্ন জাল
সেই দুটি চোখ এখনো জেগে রয়
দূর নক্ষত্রের আলোর মতো স্বপ্নময়!
কখনো ক্লান্তি নেই
শুধু মনে জাগে এক অস্পষ্ট ছবি
কোথাও কোনো নক্ষত্রের আলো হয়ে
জেগে আছো তুমি!
কেমন করে যে তোমাকে বলি
ভালোবাসি ভালোবাসি!
এই যে বিরহপথ নীহারিকা দলে
কৃষ্ণগহ্বর থেকে আরও অন্ধকারে এলে!
এখন মনে জাগে আদিম আর্যের আলোড়ন
কখন যে শেষ হয় স্বপ্নের জীবন।
কোথাও কি ছিলে তুমি এমন সুন্দর
প্রাণের মাঝে হলো যে প্রাণের সঞ্চার!
এতো ব্যথা পেরিয়ে কোন সে নক্ষত্রের আলো থেকে
আলো এনে ভরিয়ে দিলে নশ্বর জীবনে,
প্রতীক্ষিত নক্ষত্রের সাথে কথা হয়
অপূর্ণ এ মানবজন্ম কিছুতো পূর্ণ হয়,
এখন মনে হয়
ভালোবাসা বেঁচে রয়
ভালোবাসায়-বেদনায়!

## মনের অসুখ

আমার বুকের ভিতর থেকে
একটা সুখ পাখি উড়ে গেলো
কীর্তিনাশার সর্বনাশা জলে
সারাদিন উড়ে উড়ে ঘুরে ঘুরে
ঠিক সন্ধ্যা নামলে ফিরে আসে
পৃথিবীর সব আলো নিভেয়ে এসে বসে পাশে
বলে সে আমারে-
"কোথাও শান্তি নেই
কী জলে, কী স্থলে!"
সারাদিন উড়ে উড়ে আকাশে আকাশে
আমি খুঁজেছি যারে
সেই তুমি রেখেছো আমারে
বুকের ভিতরে!
কীর্তিনাশার জলে
একদিন জীবনানন্দের যে জীবন
নষ্ট করেছি অবহেলায়
সেই মানুষেরে খুঁজে ফিরি
সেই হারানো বিকেল, সেই সন্ধ্যায়
তারে খুঁজি, ভীষণ করে খুঁজি আপনার করে
আমারে যে ভালোবেসেছে
তরেই যেন এড়িয়ে গেছি,
ব্যথা দিয়েছি কারণে-অকারণে
কোথাও শান্তি নেই
জলে বা স্থলে,
কেবল তোমার বুকের ভিতর!

# Photo
# Album



# Inauguration






# Inauguration





# Class



(SFTC)
Political Philosophy of Bangabandhu
and his Contribution to the Development of the
"Bengali Nation"
বঙ্গবন্ধুর রাজনৈতিক দর্শন
এবং বাঙালি জাতীয়তাবাদ
25th Jan 2024
মফিদুল হক








# Guest Lecturer





# Guest Lecturer





# Guest Lecturer





# Field Attachment







# Field Attachment








# 21 February









# Moments



ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ কোরাম!



মর্নিং ওয়াকের ফাঁকে ওয়াচ টাওয়ারে পাখির খোঁজে



ড্রাইভিং শিখতে গিয়ে উলটে গেলেন কেন সুশান্ত?!

# Moments




তানিয়া আপুর চায়ের দোকান



পাহাড় না সমুদ্র? মানিক না রুদ্র?




চন্দ্র বিজয়ী সাব-রেজিস্ট্রার



# Moments



দি ব্যাচেলর কমিটি



দি ডনস অফ কক্সবাজার

# National Martyrs' Memorial






# Sports


Bangladesh Public Administration T
Friendly Volleyball Match
& Prize Giving Ceremony
Chief Guest
Mr. Md. Ashraf Uddin
শাসন প্রশিক্ষণ কেন্দ্র


াদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

# Sports







# Cox's Bazar Trip





# Visit at Tungipara, Gopalganj







# Visit at Dhanmondi 32 and Science Museum





# Visit at Bhumi Bhaban and Liberation War Museum








BPATC
WELCOME
TO



BPATC

**BANGLADESH PUBLIC ADMINISTRATION TRAINING CENTRE**

**Savar, Dhaka**